রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে রুশ প্রকৌশলীর মৃত্যু



রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প। ছবি : সংগৃহীত

পাবনার ঈশ্বরদীতে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র এলাকায় কর্মরত এক রুশ নাগরিকের হঠাৎ মৃত্যু হয়েছে। শুক্রবার (১ মে) সন্ধ্যায় প্রকল্পসংলগ্ন নতুনহাট গ্রিন সিটি আবাসিক এলাকায় এ ঘটনা ঘটে।

নিহত চুরকিন ভ্লাদিমির (৪০) রাশিয়ার রাষ্ট্রীয় পারমাণবিক সংস্থার সহযোগী প্রতিষ্ঠান অ্যাটমটেক এনারগোর হয়ে প্রকল্পে দায়িত্ব পালন করছিলেন বলে জানা গেছে।

স্থানীয় ও পুলিশ সূত্র জানায়, ব্যায়াম করার সময় হঠাৎ অসুস্থ হয়ে পড়েন তিনি। পরে দ্রুত তাকে ঈশ্বরদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে চিকিৎসক পরীক্ষা শেষে মৃত ঘোষণা করেন।

প্রাথমিকভাবে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মৃত্যুর আশঙ্কা করা হচ্ছে। মরদেহ ময়নাতদন্তের জন্য পাবনা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। প্রতিবেদন পাওয়ার পর মৃত্যুর সঠিক কারণ জানা যাবে এবং আইনি প্রক্রিয়া শেষে মরদেহ নিজ দেশে পাঠানো হবে।

LENS ASIA